গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১৮৯/২০১৮-২০১৯

**ঢাকা, মঙ্গলবার ২ এপ্রিল ২০১৯, ১৯ চৈত্র ১৪২৫**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির সঙ্গে ইউনিভার্সাল পিস ফেডারেশনের এশিয়া প্যাসেফিক অঞ্চলের চেয়ারম্যানের সাক্ষাৎ
২। অগ্নিকাণ্ডরোধে ১৫ নির্দেশনা প্রধানমন্ত্রীর
মন্ত্রিসভা কমিটিতে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় আইন ও গাজীপুর
উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০১৯ এর নীতিগত অনুমোদন
৩। বিশ্ব অটিজম সচেতনতা দিবস আজ
বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে অনুষ্ঠানের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী
৪। সব প্রতিবন্ধী ভাতার আওতায় আসবে : সমাজকল্যাণমন্ত্রী
৫। বিএনপি খালেদা জিয়ার অসুস্থতা নিয়ে রাজনীতিতে ব্যস্ত : চট্টগ্রামে তথ্যমন্ত্রী
৬। এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু
এবারের এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হবে : শিক্ষামন্ত্রী
৭। ২০২১ সালের মধ্যে বস্ত্রখাত থেকে রপ্তানি আয় ৫০ বিলিয়ন ডলারে
উন্নীত করতে সরকার কাজ করে যাচ্ছে : বস্ত্র ও পাটমন্ত্রী
৮। বেআইনিভাবে তৈরি ভবনের নাম প্রকাশ করা হবে : গণপূর্তমন্ত্রী
৯। রাজধানীর বহুতল ভবনে রাজউকের অভিযান শুরু
১০। বাংলাদেশ পাট উৎপাদনে দ্বিতীয়, সবজিতে তৃতীয়, ধান উৎপাদনে চতুর্থ
১১। বন্দর উন্নয়নে বাংলাদেশ-কোরিয়ার মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর
১২। দেশে ডাউনলিংকৃত বিদেশি চ্যানেলে বিজ্ঞাপন প্রচার করায় দুই প্রতিষ্ঠানকে কারণ দর্শানোর নোটিশ
১৩। পহেলা বৈশাখ নিয়ে সোশ্যাল মিডিয়ায় গুজব ছড়ালে ব্যবস্থা : আইজিপি

চলমান পাতা-২

১। **রাষ্ট্রপতির সঙ্গে ইউনিভার্সাল পিস ফেডারেশনের এশিয়া প্যাসেফিক অঞ্চলের চেয়ারম্যানের সাক্ষাৎ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ইউনিভার্সাল পিস ফেডারেশনের এশিয়া-প্যাসেফিক অঞ্চলের চেয়ারম্যান একনাথ ধাকাল। গতকাল (১ এপ্রিল সোমবার) একনাথ ধাকাল বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে এ সাক্ষাৎ করেন। সাক্ষাতের সময় একনাথ ধাকাল পিস ফেডারেশনের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। এ সময় তিনি আগামী ২০২০ সালের ৩-৯ ফেব্রুয়ারি দক্ষিণ কোরিয়ার সিউলে অনুষ্ঠেয় ইউনিভার্সাল পিস ফেডারেশনের ওয়ার্ল্ড সামিটে অংশ নেওয়ার আমন্ত্রণ রাষ্ট্রপতিকে হস্তান্তর করেন। পিস ফেডারেশনের চেয়ার‍্যান থমাস জি ওয়ালশ'র পক্ষে একনাথ আমন্ত্রণপত্র দেন। সাক্ষাতের সময় ২০১৮ সালের ৩০ নভেম্বর থেকে ৩ ডিসেম্বর নেপালে অনুষ্ঠিত এশিয়া-প্যাসেফিক সামিটের ওপর একটি প্রতিবেদন রাষ্ট্রপতিকে দেন। এ সময় রাষ্ট্রপতি বলেন, বিশ্বশান্তি রক্ষায় সংসদ সদস্যদের ভূমিকা গুরুত্বপূর্ণ। বিশ্বশান্তি রক্ষায় আইনসভার সদস্যদের নিয়ে আন্তর্জাতিক সংস্থা এক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

২। **অগ্নিকাণ্ডরোধে ১৫ নির্দেশনা প্রধানমন্ত্রীর**
**মন্ত্রিসভা কমিটিতে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় আইন ও গাজীপুর**
**উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০১৯ এর নীতিগত অনুমোদন**

অগ্নিকাণ্ডরোধে এবং এর ক্ষয়ক্ষতি এড়াতে একগুচ্ছ নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বহুতল ভবন মালিকদের জন্য বছরের শুরুতে দমকলবাহিনীর ক্লিয়ারেন্স সার্টিফিকেট গ্রহণ, বিল্ডিং কোড অনুসরণসহ ১৫টি নির্দেশনা দিয়েছেন তিনি। গতকাল (১ এপ্রিল সোমবার) সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে প্রধানমন্ত্রী এ নির্দেশনা দেন। প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বৈঠকে বনানীতে এফ আর টাওয়ারে অগ্নিকাণ্ডে ২৬ জন নিহত ও ১৩০ জন আহত হওয়ার ঘটনায় গভীর শোক ও উদ্বেগ প্রকাশ করা হয়। মন্ত্রিসভা বৈঠকে হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় আইন-২০১৯-এর খসড়া ও গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ আইন ২০১৯ খসড়া নীতিগত অনুমোদন দেওয়া হয়। বৈঠকশেষে মন্ত্রিপরিষদ সচিব এক প্রেস ব্রিফিংয়ে এ তথ্য জানান। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬)।

৩। **বিশ্ব অটিজম সচেতনতা দিবস আজ**
**বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে অনুষ্ঠানের উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী**

দেশে আজ (২ এপ্রিল মঙ্গলবার) পালিত হচ্ছে ১২তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস। অটিজম বিষয়ে সচেতনতা বাড়তে ও অটিজমে আক্রান্ত শিশুদের অধিকার প্রতিষ্ঠায় বিশ্বের অন্যান্য দেশের মতো বাংলাদেশেও আজ দিবসটি পালিত হবে। এ বছর দিবসের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে 'সহায়ক প্রযুক্তি ব্যবহার, অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তির অধিকার'। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবসটি উপলক্ষে সরকারি ও বেসরকারি সংগঠনগুলো বিভিন্ন কর্মসূচি হাতে নিয়েছে। আজ সকাল সাড়ে ১০টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানের উদ্বোধন করবেন। সূত্র : **সমকাল** (পৃ.৫,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

৪। **সব প্রতিবন্ধী ভাতার আওতায় আসবে : সমাজকল্যাণমন্ত্রী**

বর্তমানে দেশে মোট ১৬ লক্ষ ৪৪ হাজার ৬০৮ জন প্রতিবন্ধী ব্যক্তি রয়েছেন, যাদের মধ্যে ৪৭ হাজার ৪১৭ জন অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তি। পর্যায়ক্রমে সবাইকে ভাতার আওতায় আনার ঘোষণা দিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী নুরুজ্জামান আহমেদ। বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে গতকাল (১ এপ্রিল সোমবার) সচিবালয় আয়োজিত সংবাদসম্মেলনে তিনি এ তথ্য জানান। প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে ১০ লাখের মতো ভাতা দেওয়া হচ্ছে জানিয়ে মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ অনুযায়ী সবাইকে ভাতার আওতায় আনতে আগামী বাজেটে প্রতিবন্ধীদের জন্য বরাদ্দ বাড়ানো হবে। তিনি আরও বলেন, এবার বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে ও দেশে অটিজম দিবসের তাৎপর্য তুলে ধরতে আজ (২ এপ্রিল মঙ্গলবার) থেকে তিন দিন দেশের সব সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে নীলবাতি প্রজ্বালন করা হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

৫। **বিএনপি খালেদা জিয়ার অসুস্থতা নিয়ে রাজনীতিতে ব্যস্ত :**
**চট্টগ্রামে ইঞ্জিনিয়ার মোশাররফের সংবর্ধনা অনুষ্ঠানে তথ্যমন্ত্রী**

বিএনপি খালেদা জিয়ার অসুস্থতা ও তারেক রহমানের মামলা নিয়ে রাজনীতিতে ব্যস্ত বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার চিকিৎসার জন্য দু'টি কেবিন বরাদ্দ করা হয়েছিল। কিন্তু তারা ইউনাইটেড হাসপাতাল ছাড়া অন্য কোথাও যাবেন না বললেও শেষ পর্যন্ত সেখানেই গেছেন। গতকাল (১ এপ্রিল সোমবার) বিকেলে চট্টগ্রাম ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য ইঞ্জিনিয়ার মোশাররফ হোসেনকে দেওয়া সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

**৬। এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু**
**এবারের এইচএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হবে : শিক্ষামন্ত্রী**

প্রশ্নফাঁসসহ সব ধরনের অভিযোগ ছাড়াই গতকাল (১ এপ্রিল সোমবার) দেশজুড়ে শুরু হয়েছে দশ শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি ও সমমানের পরীক্ষা। অনিয়ম ও অব্যবস্থাপনারোধে সরকারের নেওয়া কঠোর পদক্ষেপের মধ্যে শান্তিপূর্ণ পরিবেশে প্রথম দিন পরীক্ষায় অংশ নিয়েছে পরীক্ষার্থীরা। গতকাল রাজধানীর সিদ্ধেশ্বরী গার্লস কলেজ পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করেছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। শিক্ষামন্ত্রী বলেছেন, আশা করি এবারের এসএসসি পরীক্ষার মতো এইচএসসিও সুষ্ঠুভাবে সম্পন্ন হবে। প্রশ্নপত্র ফাঁস হবে না। এজন্য তিনি অভিভাবক, শিক্ষক ও গণমাধ্যমের সর্বাত্মক সহযোগিতা কামনা করেছেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.২)।

**৭। ২০২১ সালের মধ্যে বস্ত্রখাত থেকে রপ্তানি আয় ৫০ বিলিয়ন ডলারে**
**উন্নীত করতে সরকার কাজ করে যাচ্ছে : বস্ত্র ও পাটমন্ত্রী**

বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজী বলেছেন, ২০২১ সালের মধ্যে বস্ত্রখাত থেকে রপ্তানি আয় ৫০ বিলিয়ন ডলারে উন্নীত করতে সরকার কাজ করে যাচ্ছে। এ লক্ষ্যে সরকারের হস্তান্তরিত বেসরকারিখাতে অনেক বস্ত্রকল বর্তমানে বন্ধ রয়েছে। হস্তান্তরের সময় যেসব শর্ত দেওয়া হয়েছিল সেসব শর্ত ভঙ্গকারীদের থেকে বস্ত্রকল আবার পুনঃগ্রহণ করা হচ্ছে। এসব বস্ত্রকল যেসব জমির ওপর প্রতিষ্ঠিত ব্যবসায়ীরা চাইলে পিপিপি (পাবলিক প্রাইভেট পার্টনারশিপ) এর মাধ্যমে চালু করতে পারবেন। গতকাল (১ এপ্রিল সোমবার) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অফিসে মরিশাসের একটি ব্যবসায়ী প্রতিনিধিদলের সাথে বৈঠককালে তিনি এসব কথা বলেন। সূত্র **: আমাদের অর্থনীতি (পৃ.১,ক.৭)**।

**৮। বেআইনিভাবে তৈরি ভবনের নাম প্রকাশ করা হবে : গণপূর্তমন্ত্রী**

গণপূর্তমন্ত্রী শ. ম. রেজাউল করিম বলেছেন, রাজধানীর যে ভবনগুলো বেআইনি এবং অনিয়মের মধ্য দিয়ে নির্মিত হয়েছে তাদের নাম পত্রিকায় বিজ্ঞাপন আকারে প্রকাশ করব। কারণ দেশবাসীর জানা উচিত। শুধু অবৈধ ভবন নির্মাতা নয়, নজরদারির দায়িত্বে যারা ছিলেন, তাদেরও আইনের আওতায় আনা হবে বলে জানিয়েছেন তিনি। গতকাল (১ এপ্রিল সোমবার) সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, দুর্ঘটনার পর শুধু তদন্ত কমিটি গঠন নয়, যারাই অন্যায়ের সঙ্গে জড়িত থাকবেন, তাদের সবাইকে জবাবদিহিতার মুখোমুখি করা হবে। তিনি বলেন, বনানী অগ্নিকাণ্ডের ঘটনায় ইতোমধ্যে তদন্ত কমিটি গঠন হয়েছে। তারা কাজ শুরু করেছে। আমরা তদন্ত কমিটির প্রতিবেদন জনসমক্ষে প্রকাশ করব। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

**৯। রাজধানীর বহুতল ভবনে রাজউকের অভিযান শুরু**

গতকাল (১ এপ্রিল সোমবার) থেকে রাজধানীর বহুতল ভবনে রাজউকের অভিযান শুরু হয়েছে। রাজউকের ৮টি জোনে মোট ২৪টি টিম একযোগে তাদের কার্যক্রম শুরু করেছে। টিমগুলো বহুতল ভবনের নকশা, অনিয়ম, অগ্নিনির্বাপণ ব্যবস্থাসহ যাবতীয় তথ্য অনুসন্ধান করছে। প্রাথমিক পর্যায়ে তারা দশ তলার অধিক ভবনগুলোর যাবতীয় তথ্য সংগ্রহ করছে। পরবর্তীতে চিহ্নিত ভবনগুলোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫), **নিউ নেশন** (পৃ.১,ক.৫)।

**১০। বাংলাদেশ পাট উৎপাদনে দ্বিতীয়, সবজিতে তৃতীয়, ধান উৎপাদনে চতুর্থ**

বাংলাদেশ বিশ্বে পাট উৎপাদনে ২য়, সবজি উৎপাদনে ৩য়, ধান উৎপাদনে ৪র্থ, আম উৎপাদনে ৭ম, আলু ও পেয়ারা উৎপাদনে ৮ম এবং খাদ্যশস্য উৎপাদনে ১০ম স্থান অর্জন করেছে বলে জানিয়েছে কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। গতকাল (১ এপ্রিল সোমবার) সংসদ ভবনে অনুষ্ঠিত কমিটির প্রথম বৈঠকে এসব তথ্য জানানো হয়। কমিটির সভাপতি বেগম মতিয়া চৌধুরী বৈঠকে সভাপতিত্ব করেন। বৈঠকে আরো জানানো হয়, সরকার কৃষকদের ১০ টাকায় ব্যাংক হিসাব খোলার সুযোগ করে দেওয়ায় দেশে ১ কোটি ১ লাখ ১৯ হাজার ৫৮৪টি ব্যাংক হিসাব খোলা সম্ভব হয়েছে। কৃষকদের এসব ব্যাংক হিসাবে বর্তমান স্থিতি প্রায় ২৮২টি কোটি টাকা। সূত্র **: সংবাদ** (শেষ পৃ,ক.২)।

**১১। বন্দর উন্নয়নে বাংলাদেশ-কোরিয়ার মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর**

বন্দর ও এর আওতাধীন এলাকা উন্নয়নে দ্বি-পাক্ষিক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়েছে। নৌপরিবহণ মন্ত্রণালয়ের সভাকক্ষে নৌপরিবহণ প্রতিমন্ত্রীর উপস্থিতিতে গতকাল (১ এপ্রিল সোমবার) এ সংক্রান্ত এমওইউ স্বাক্ষরিত হয়। নৌপরিবহণ মন্ত্রণালয়ের সচিব মো. আবদুস সামাদ এবং কোরিয়া প্রজাতন্ত্রের মহাসাগর ও মৎস্য মন্ত্রণালয়ের ভাইস মিনিস্টার কিম ইয়াং সু নিজ নিজ দেশের পক্ষে স্বাক্ষর করেন। এ সমঝোতা স্মারকে বন্দর উন্নয়নের ক্ষেত্রে প্রশাসনিক, প্রযুক্তিগত ও মানবসম্পদের পারস্পরিক বিনিময় এবং তার মাধ্যমে পারস্পরিক সুযোগ-সুবিধার আদান প্রদান করা হবে। **সূত্র : আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৫)।

**১২। দেশে ডাউনলিংকৃত বিদেশি চ্যনেলে বিজ্ঞাপন প্রচার করায় দুই প্রতিষ্ঠানকে কারণ দর্শানোর নোটিশ**

বাংলাদেশের দর্শকদের জন্য ডাউনলিংককৃত বিদেশি টিভি চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচার করায় পরিবেশক (ডিষ্ট্রিবিউটর) সংস্থা ন্যাশনওয়াইড মিডিয়া লিমিটেড এবং জাদুভিশন লিমিটেডকে কারণ দর্শানোর নোটিশ জারি করেছে তথ্য মন্ত্রণালয়। 'ক্যাবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন-২০০৬' এর উপধারা-১৯ (১৩) এর বিধান লঙ্ঘন করে বিজ্ঞাপন প্রচার করায় এ দুই প্রতিষ্ঠানকে কারণ দর্শাতে বলা হয়েছে বলে গতকাল (১ এপ্রিল সোমবার) তথ্য মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

**১৩। পহেলা বৈশাখ নিয়ে সোশ্যাল মিডিয়ায় গুজব ছড়ালে ব্যবস্থা : আইজিপি**

বাংলা নববর্ষ পহেলা বৈশাখকে কেন্দ্র করে ফেসবুক, টুইটার, ইউটিউবসহ সোশ্যাল মিডিয়ার মাধ্যমে অপপ্রচার চালিয়ে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর চেষ্টাকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সদস্যদের নির্দেশ দিয়েছেন আইজিপি ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী। তিনি নিষিদ্ধ ঘোষিত জঙ্গি ও সন্ত্রাসী সংগঠনের বিরুদ্ধে গোয়েন্দা নজরদারি বাড়ানোর ওপর জোর দেন। গতকাল (১ এপ্রিল সোমবার) পুলিশ সদরদফতর সম্মেলনকক্ষে বাংলা নববর্ষ ১৪২৬ উদ্‌যাপন উপলক্ষে আইনশৃঙ্খলা ও নিরাপত্তাসংক্রান্ত এক সভায় তিনি এ নির্দেশনা প্রদান করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **সংবাদ** (শেষ পৃ,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**সম্পাদকীয়**

**ক.** **সমকাল :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিল্প-বাণিজ্যখাতে ব্যাংকঋণের সুদহার কমিয়ে আনার ওপর গুরুত্বারোপ করেছেন উল্লেখ করে ব্যাংকের ব্যবস্থাপনা ও পরিচালন কর্তৃপক্ষ দ্রুত এ বিষয়টি বিবেচনায় নিবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

**খ.** **ইত্তেফাক :** রাজধানীর খেলার মাঠ নিয়ে সম্প্রতি বাংলাদেশ ইনস্টিটিউট অভ্‌ প্ল্যানার্স 'ঢাকা শহরে বিদ্যমান খেলার মাঠের ঘাটতি ও চাহিদা পর্যালোচনা 'শীর্ষক এক গবেষণা প্রতিবেদনে ঢাকা দুই সিটি করপোরেশনের ৯২টি ওয়ার্ডে ২৩৪টি খেলার মাঠের মধ্যে ব্যবহার উপযোগী মাত্র ৪২টি-এ তথ্য উঠে আসায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**গ.** **ইনকিলাব, যায়যায়দিন, ভোরের কাগজ, যুগান্তর :** কালবৈশাখী ঝড়ে রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে প্রাণহানিসহ ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে উল্লেখ করে চলতি মওসুমে ঝড় ও বজ্রবৃষ্টির আশংকায় সবাইকে সতর্ক ও নিরাপত্তামূলক ব্যবস্থা নেওয়ার পরামর্শ।

**ঘ.** **সংবাদ** : নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার ক্রমেই অস্থিতিশীল হয়ে উঠেছে উল্লেখ করে পর্যাপ্ত সরবরাহ থাকার পরও যেসব অসাধু ব্যবসায়ী দাম বৃদ্ধি করে রেখেছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**ঙ.** **জনকণ্ঠ :** মিয়ানমার হয়ে বাংলাদেশ পর্যন্ত বিদ্যুৎগ্রিড নির্মাণ করার প্রস্তাব দিয়েছে চীন উল্লেখ করে সার্বিক দিক পর্যালোচনা সাপেক্ষে এ ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার সুপারিশ।

**চ.** **অবজারভার** : রাজধানীতে একের পর এক অগ্নিকাণ্ডের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে অগ্নিঝুঁকি মোকাবিলায় প্রতিটি স্থাপনাতে যথাযথ অগ্নিনিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** অটিজমে আক্রান্তদের পরিবার ও সমাজে বোঝা মনে না করে যথাযথ পরিচর্যার মাধ্যমে তাদের সমাজে সম্পৃক্ত করার আহ্বান।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশ ও জাতির উন্নয়নের স্বার্থে রাজনীতির প্রতি অধিকতর মনোযোগ দিয়ে প্রত্যেক রাজনৈতিক নেতাকর্মীকে দেশপ্রেমবোধে উজ্জীবিত হয়ে চলতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত **'উচ্চশিক্ষার মান বাড়াতেই হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, উচ্চশিক্ষার গুরুত্ব অনুধাবন করে, মানসম্মত শিক্ষা দিয়ে আমাদের মানবসম্পদ উন্নয়ন করতে পারলে দেশ দ্রুত উন্নয়নের পথে অগ্রসর হবে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা